

মালদ্বীপে প্রবাসীদের সম্মানে হাইকমিশনের ইফতার

- A Monitor Desk Report

Date: 23 March, 2025



ঢাকাঃ পবিত্র মাহে রমজানে প্রতিবারের মতো এবারও মালদ্বীপে প্রবাসীদের সম্মানে বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ মার্চে) দেশটিতে অবস্থানরত প্রবাসী রেমিট্যান্স যোদ্ধাদের নিয়ে দূতাবাস ভবনেই এই ইফতার অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ইফতার পূর্বে রমজানের ফজিলত সম্পর্কে আলোচনা সহ দেশ, জাতি ও মুসলিম উম্মাহর সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয়। একইসাথে আগত প্রবাসীদের সঙ্গে সমসাময়িক গুরুত্বপূর্ণ নানা বিষয় নিয়েও আলোচনা করেন, ভারপ্রাপ্ত হাইকমিশনার মো. সোহেল পারভেজ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিএনপি মালদ্বীপ শাখার সভাপতি মো. খলিলুর রহমান, এনবিএল মানি ট্রান্সফার মালদ্বীপ প্রাইভেট লিমিটেডের সিইও মাকসুদুর রহমান, ঢাকা ট্রেডার্স প্রাইভেট লিমিটেডের সিইও মো. বাবুল হোসেন, স্টার এপিয়ারেলস ইনভেস্টমেন্ট প্রাইভেট লিমিটেডের সিইও মো. আলতাফ হোসেন, মুক্তার হোসেন।

এ ছাড়াও এতে দেশটির রাজধানী মালের আশপাশের শহরে অবস্থানরত সাধারণ প্রবাসী থেকে শুরু করে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, সামাজিক সংগঠনের নেতা, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি, সাংবাদিকসহ বাংলাদেশি ব্যবসায়ীরাও উপস্থিত ছিলেন।

ইফতার মাহফিল অনুষ্ঠানে প্রবাসীর উদ্দেশ্যে ভারপ্রাপ্ত হাইকমিশনার মো. সোহেল পারভেজ বলেন, পবিত্র মাহে রমজানের শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে প্রবাসে দেশের সুনাম অক্ষুণ্ণ রেখে সবাইকে মিলেমিশে কাজ করতে হবে। একই সাথে মালদ্বীপে বসবাসরত সকল প্রবাসীদের সঙ্গে ভ্রাতৃত্ববোধ ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক সমুল্লত রাখার অনুরোধ জানান এবং আগামীতেও এ অনুষ্ঠানের এ ধারা অব্যাহত রাখার আহ্বান জানান তিনি।

